



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক  
Permanent Mission of Bangladesh to the  
United Nations, New York



উন্নয়নের জন্য অর্থায়ন সংক্রান্ত ইকোসক ফোরামে তথ্য-প্রযুক্তি, স্বাস্থ্য ও শিক্ষার ব্যবধানগুলি হ্রাস করার উপর গুরুত্বারোপ করলেন রাষ্ট্রদূত- রাবাব ফাতিমা ।

নিউইয়র্ক, ১৩ এপ্রিল ২০২১:

“কোভিড-১৯ অতিমারির এইসময়ে অবকাঠামোগত সঙ্কট বিশেষ করে তথ্য-প্রযুক্তি, স্বাস্থ্য ও শিক্ষাখাতে অবকাঠামোর অভাব তীব্রভাবে অনুভূত হয়েছে । সুতরাং এসকল খাতে পর্যাপ্ত অবকাঠামো তৈরি করা আমাদের জরুরি অগ্রাধিকার হওয়া উচিত” -আজ জাতিসংঘ সদরদপ্তরে ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত “কোভিড-১৯ থেকে টেকসই ও স্থিতিশীল পুনরুদ্ধার এবং বাণিজ্য ব্যবস্থাকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে অবকাঠামোগত বিনিয়োগসমূহকে ত্বরান্বিত করা” শীর্ষক এক প্যানেল আলোচনায় প্রদত্ত বক্তব্যে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা । ‘উন্নয়নের জন্য অর্থায়ন (এফএফডি)’ সংক্রান্ত ইকোসক ফোরামের আওতায় প্যানেল আলোচনাটি অনুষ্ঠিত হয় ।

জনগণকে অত্যাবশ্যক সেবাসমূহ প্রদানার্থে ডিজিটাল অবকাঠামোর বিশেষ গুরুত্বের কথা তুলে ধরে রাষ্ট্রদূত ফাতিমা এলডিসিসহ নাজুক দেশগুলোকে অতি প্রয়োজনীয় প্রযুক্তিসমূহ হস্তান্তর করার জন্য উন্নত দেশগুলোর প্রতি আহ্বান জানান ।

তিনি অতিমারি থেকে দ্রুত পুনরুদ্ধার নিশ্চিত করার পাশাপাশি বর্তমান ও ভবিষ্যত ধাক্কা মোকাবিলা করে আরও ভালোভাবে ঘুরে দাঁড়ানোর সক্ষমতা অর্জনের উপর জোর দেন । এক্ষেত্রে তিনি বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক ঝুঁকিসমূহ বিবেচনায় নেবার বিষয়ে গুরুত্বারোপ করেন যেন অবকাঠামোসমূহ একাধারে টেকসই ও দীর্ঘমেয়াদে প্রতিকূলতা মোকাবিলায় সক্ষম হয় ।

বৈশ্বিক সরবরাহ চেইনের দুর্বলতাগুলি উল্লেখ করে ট্রানজিট, পরিবহণ ও নৌ-পরিবহণ খাতসহ বাণিজ্য অবকাঠামোসমূহ আরও উন্নত করার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা । এক্ষেত্রে অবকাঠামোগত বিনিয়োগ, সরকারি-বেসরকারি অর্থায়ন, মিশ্র অর্থায়ন, দক্ষিণ-দক্ষিণ ও ত্রিমাত্রিক সহযোগিতা ইত্যাদি ক্ষেত্রে তিনি অনুদান ও দীর্ঘমেয়াদী ছাড়যুক্ত অর্থায়নের প্রতি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করেন । এলডিসিভুক্ত দেশগুলোর শুল্ক ও কোটামুক্ত বাজারে প্রবেশাধিকারসহ অন্যান্য বাণিজ্য সুবিধা প্রদানে উন্নত অর্থনীতির দেশগুলো যেসকল প্রতিশ্রুতি দিয়েছে তার অপূরণীয় অংশসমূহ পূরণ করতে এসকল উন্নত অর্থনীতির প্রতি আহ্বান জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ।

জাতিসংঘ সদরদপ্তরে ভার্চুয়ালভাবে এফএফডি বিষয়ক ইকোসক ফোরাম ১২ থেকে ১৫ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হচ্ছে । এতে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন । ফোরামটির শুরুতে গত ১২ এপ্রিল তিনি পূর্বধারণকৃত ভিডিও বক্তব্য প্রদান করেন । ব্রিটন উডস্ ইনস্টিটিউশনস্, ডব্লিউটিও এবং আক্কাটাড এর সাথে বাংলাদেশ আজ উচ্চপর্যায়ের অপর একটি সভায়ও অংশগ্রহণ করে ।

\*\*\*